

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

.....

বলুনঃ 'হে আহলে-কিতাবগণ! একটি বিষয়ের দিকে আস-যা আমাদের মধ্যে ও তোমাদের মধ্যে সমান-যে, আমরা আল্লাহ ছাড়া অন্য কারও ইবাদত করব না, তাঁর সাথে কোন শরীক সাব্যস্ত করব না এবং একমাত্র আল্লাহকে ছাড়া কাউকে পালনকর্তা বানাব না।

সূরা আল ইমরান ৬৩

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানবের সিমেন্ট

গ্যাম্বুয়া সিমেন্ট

গ্যাম্বুয়া সিমেন্ট

হাইড্রেটর মজবুত গেম্বুয়া

সেবা : ০২৯১০০৬৬৬৬৬, ০২৯১০০২৭৭০৪

বরিশাল ৯ মঙ্গলবার ৯ ১১ আগস্ট ২০২৬ ৯ ২৭ সফর ১৪৪৮ ৯ ২৭ শ্রাবণ ১৪৩৩ ৯ ৯ম বর্ষ ৯ ৬৮ সংখ্যা ৯ ৪ পৃষ্ঠা ৯ ৫ টাকা

জনগণ অর্থনৈতিকভাবে শক্তিশালী হলেই রাষ্ট্র শক্তিশালী হবে

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দেশকে অর্থনৈতিক ও সামাজিকভাবে শক্তিশালী অবস্থানে নিয়ে যাওয়াই সরকারের ২ এর পাতায় দেখুন

আমরা সবাই বাংলাদেশের অধিবাসী, কেউ 'আদিবাসী' নয়

কীর্তনখোলা ডেস্ক

স্বরাষ্ট্রমন্ত্রী সাগরউদ্দিন আহমদ বলেছেন, ভৌগোলিক ও সাংবিধানিক বাস্তবতায় বাংলাদেশের ভূখণ্ডে বসবাসকারী সকল নাগরিকের ২ এর পাতায় দেখুন

২৭ আগস্ট বসছে সংসদের তৃতীয় অধিবেশন

কীর্তনখোলা ডেস্ক

আগামী ২৭ আগস্ট (বৃহস্পতিবার) এয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন আহ্বান করেছেন রাষ্ট্রপতি মেজর ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রপতি ভোটের বৈঠক আহ্বান করলেন সিইসি

কীর্তনখোলা ডেস্ক

আগামী ২০ আগস্ট রাষ্ট্রপতি নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। ভোটের জন্য ওই দিন বেলা ২টা থেকে বিকেল ২ এর পাতায় দেখুন

চার অর্থবছরে ইলিশ উৎপাদন কমেছে প্রায় ১ লাখ ৫ হাজার ৭৪৬ টন

কীর্তনখোলা রিপোর্ট

ভরা বর্ষায় নদ-নদী পানিতে টাইটবুর, সেই ইলিশ ধরায় নিষেধাজ্ঞা ও তবু বরিশালে নদ-নদীগুলোতে মিলছে না কাঙ্ক্ষিত রুপালি ইলিশ। যা ধরা পড়ছে, তার বেশির ভাগই ছোট; দামও চড়া। মৎস্য বিভাগের তথ্যেও মিলছে উৎপাদন কমানোর চিহ্ন। বিশেষজ্ঞরা বলছেন, ইলিশের উৎপাদন কমানোর পেছনে এবার চারটি কারণ গুরুত্বপূর্ণ নদী থেকে সাগর পর্যন্ত চলাচলের পথে বাধা, পানিপ্রবাহ কমে যাওয়া, অবৈধ জাল এবং ট্রলিংয়ের অভিরিক্ত মাছ শিকার, মাইক্রোপ্লাস্টিকসহ নানা দূষণ। বরিশাল মৎস্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বিভাগে ইলিশ উৎপাদন তিন অর্থবছর ধরে কমেছে। ২০২২-২৩ অর্থবছরে সর্বোচ্চ ৩ লাখ ৭২ হাজার ৩৪৩ টন উৎপাদনের পর থেকে প্রতিবছর কমেছে। ২০২৩-২৪ অর্থবছরে উৎপাদন কমে দাঁড়ায় ৩ লাখ ৪৮ হাজার ৮৩৪ টন। ২০২৪-২৫ অর্থবছরে ৩ লাখ ৩৪ হাজার ৭৮৩ টন এবং

তারেক রহমানকে দুই দফায় আমন্ত্রণ জানিয়েছে ভারত

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে দুই দফায় ভারত সফরের আমন্ত্রণ জানানো হয়েছে বলে জানিয়েছে নয়াদিল্লি। এর মধ্যে একটি আমন্ত্রণ ফেব্রুয়ারিতে দ্বিপক্ষীয় সফরের জন্য এবং পরবর্তী সময়ে ব্রিকস সম্মেলনে অংশ নিতে তাকে আমন্ত্রণ জানানো হয়েছে। মঙ্গলবার (১১ আগস্ট) সাম্প্রতিক সংবাদ সম্মেলনে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণবীর জয়সওয়াল এ তথ্য জানান। সংবাদ সম্মেলনে এক সাংবাদিক জানতে চান, দিল্লিতে অনুষ্ঠায় ব্রিকস সম্মেলনে অংশ নিতে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে আমন্ত্রণ জানানোর পরিকল্পনায় কোনো জটিলতা তৈরি হয়েছে কি না। একই সঙ্গে ব্রিকস সম্মেলনের আগে তারেক রহমানকে দ্বিপক্ষীয় সফরে দিল্লি আমন্ত্রণ জানানোর পরিকল্পনা রয়েছে কি না, জানতে চাওয়া হয়। জবাবে রণবীর জয়সওয়াল বলেন, 'এর ২ এর পাতায় দেখুন

তারেক রহমানকে দুই দফায় আমন্ত্রণ জানিয়েছে ভারত

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে দুই দফায় ভারত সফরের আমন্ত্রণ জানানো হয়েছে বলে জানিয়েছে নয়াদিল্লি। এর মধ্যে একটি আমন্ত্রণ ফেব্রুয়ারিতে দ্বিপক্ষীয় সফরের জন্য এবং পরবর্তী সময়ে ব্রিকস সম্মেলনে অংশ নিতে তাকে আমন্ত্রণ জানানো হয়েছে। মঙ্গলবার (১১ আগস্ট) সাম্প্রতিক সংবাদ সম্মেলনে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণবীর জয়সওয়াল এ তথ্য জানান। সংবাদ সম্মেলনে এক সাংবাদিক জানতে চান, দিল্লিতে অনুষ্ঠায় ব্রিকস সম্মেলনে অংশ নিতে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে আমন্ত্রণ জানানোর পরিকল্পনায় কোনো জটিলতা তৈরি হয়েছে কি না। একই সঙ্গে ব্রিকস সম্মেলনের আগে তারেক রহমানকে দ্বিপক্ষীয় সফরে দিল্লি আমন্ত্রণ জানানোর পরিকল্পনা রয়েছে কি না, জানতে চাওয়া হয়। জবাবে রণবীর জয়সওয়াল বলেন, 'এর ২ এর পাতায় দেখুন

ভোলা-বরিশালসহ ৩ সেতুতে বিনিয়োগে অগ্রহী জাপানি প্রতিষ্ঠান

কীর্তনখোলা ডেস্ক

ভোলা-বরিশাল, শরীয়তপুর-চাঁদপুর ও ভোলা-লক্ষ্মীপুর সেতু নির্মাণ প্রকল্পে সরকারি-বেসরকারি অংশীদারত্ব (পিপিপি) মডেলে বিনিয়োগে অগ্রহ প্রকাশ করেছে জাপানের বাণিজ্যিক প্রতিষ্ঠান মিয়াগাওয়া কনসাল্টেং কোম্পানি লিমিটেড। স্ট্যান্ডার্ড ক্যাপিটাল লিমিটেডের সঙ্গে যৌথভাবে প্রতিষ্ঠানটি এসব প্রকল্পে অর্থায়ন, নকশা প্রণয়ন, নির্মাণ ও আধুনিক প্রযুক্তিগত অংশীদারত্বে অগ্রহ দেখিয়েছে। মঙ্গলবার সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক মোহাম্মদ আবদুর রউফের সঙ্গে ২ এর পাতায় দেখুন

ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির সাথে ভোলা জেলা পরিষদ প্রশাসকের সৌজন্য সাক্ষাৎ

কীর্তনখোলা রিপোর্ট

ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি ও জাতীয় সংসদের স্পিকার মেজর (অব) হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন ভোলা জেলা পরিষদ প্রশাসক জনাব আলহাজ্ব গোলাম নবী আলমগীর। এসময় আলহাজ্ব গোলাম নবী আলমগীর ভারপ্রাপ্ত রাষ্ট্রপতিকে ফুলের গুচ্ছে জ্ঞানান। আলহাজ্ব গোলাম নবী আলমগীর মঙ্গলবার (১১ আগস্ট) বিকাল ৫ টায় ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। পরে উভয়ের মধ্যে দ্বীপ জেলা জেলার বিভিন্ন সমস্যা ও সমাধানে নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ২ এর পাতায় দেখুন

গৃহবধূকে হত্যা করে লাশ ঝুলিয়ে রাখার অভিযোগ

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী পৌরসভার টরকী বন্দর এলাকায় একটি ভাড়া বাসা থেকে মোমেনা বেগম (২৪) নামে আড়াই মাসের অন্তঃসত্ত্বা এক গৃহবধূর বহুরূপে মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার (১১ আগস্ট) ভোড়াতার উটার দিকে জাতীয় জরুরি সেবা নম্বরে ফোন পেয়ে গৌরনদী ভেঙ্গে থানা পুলিশ টরকী বন্দর ছাগলহাটা এলাকার মন্টু সরদারের ভাড়া বাসা থেকে মোমেনার মরদেহ উদ্ধার করে। পুলিশ ও স্বজনদের সূত্রে জানা গেছে, মোমেনা ময়মনসিংহের নান্দাইল পৌরসভার কানারামপুর গ্রামের মো. আব্দুল্লাহ মিয়াব মেয়ে। কর্মসূত্রে তিনি

বড়ির পাশে খেলার সময় কুয়ায় পড়ে শিশুর মৃত্যু

গলাচিপা প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপায় বাড়ির পাশে থাকা কুয়ায় পড়ে মাসুম বিল্লাহ (৩) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১১ আগস্ট) সকাল আনুমানিক ৮টার দিকে উপজেলার চরকাজল ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের ছোট কাজল গ্রামের জমাদ্দার বাড়িতে এ দুর্ঘটনা ঘটে। নিহত মাসুম বিল্লাহ ওই গ্রামের মো. শাকিল খন্দকার ও রিনা বেগম দম্পতির একমাত্র ছেলে। পরিবারের স্বজনরা জানান, জীবিকার প্রয়োজনে শিশুর বাবা-মা ঢাকার কাজ করেন। এ কারণে মাসুম তার দাদা-দাদির সঙ্গে গ্রামের বাড়িতে থাকত। মঙ্গলবার সকালে ঘুম থেকে উঠে দাদি তাকে খাবার খাওয়ান। এরপর খেলার সময় কোনো একপর্যায়ে সবার অজান্তে বাড়ির পাশের একটি কুয়ায় পড়ে যায় শিশুটি। কিছুক্ষণ পর মাসুমকে খেতে না পেয়ে পরিবারের সদস্যরা ২ এর পাতায় দেখুন

অবসর-কল্যাণ ভাতার পূর্ণ অর্থ পরিশোধের দাবিতে বরিশালে অবসর প্রাপ্ত শিক্ষকদের বিক্ষোভ ও সমাবেশ

কীর্তনখোলা রিপোর্ট

বিধি অনুযায়ী বেসরকারি অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ ভাতার শতভাগ অর্থ দ্রুত পরিশোধ, ভাতা প্রদানে অনিয়ম-দুর্নীতি বন্ধ এবং শিক্ষাব্যবস্থা জাতীয়করণের দাবিতে বরিশালে বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১১ আগস্ট) সকাল ১০টায় নগরীর অশ্বিনী কুমার হল চত্বরে বেসরকারি অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারী কল্যাণ সমিতি, বরিশাল-এর

জুলাই অভ্যুত্থান দমনে ব্যবহৃত হয় ৩ লাখের বেশি গুলি

কীর্তনখোলা ডেস্ক

চব্বিশের জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান দমনে ছাত্র-জনতার ওপর নির্বিচারে গুলি চালানো হয়েছিল বলে দাবি করেছে প্রসিকিউশন এর মধ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীই ব্যবহার করেছে তিন লাখের বেশি গুলি। মঙ্গলবার (১১ আগস্ট) বিকেলে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেলে এ তথ্য ভুলে ধরা হয়। প্যানেলের অপর সদস্যরা হলেন বিচারক মো. মজুমদার বাহিন ও বিচারক নূর মোহাম্মদ হারিয়ার কবীর। এদিন জুলাই গণঅভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওয়াহিদুল কাদেরসহ শীর্ষ ৭ নেতার বিরুদ্ধে পঞ্চম দিনের মতো প্রসিকিউশনের যুক্তিতর্ক সম্পন্ন হয়। ট্রাইব্যুনালে যুক্তি ২ এর পাতায় দেখুন

নগরীতে সিটি বাস সার্ভিসসহ তিন দফা দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

নিরাপদ সড়ক পারাপারে ফুটওভারব্রিজ নির্মাণ, নগরীতে সিটি বাস সার্ভিস চালু এবং ভাঙ্গা-বরিশাল মহাসড়কের গুরুত্বপূর্ণ অংশ ও লেনে উন্নীত করার দাবিতে বরিশালে বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন করছেন শিক্ষার্থীরা। মঙ্গলবার (১১ আগস্ট) বেলা সাড়ে ১১টার দিকে নখুত্বাবাদ বাসস্ট্যান্ড এলাকায় বরিশালের সর্বস্তরের শিক্ষার্থীদের উদ্যোগে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে শিক্ষার্থীরা নখুত্বাবাদ, চৌমাথা ও রূপাখালী বাসস্ট্যান্ড এলাকার দ্রুত ফুটওভারব্রিজ নির্মাণসহ ৫ দফা ২ এর পাতায় দেখুন

হাসপাতাল থেকে দৃষ্টিহীন বৃদ্ধকে তুলে নিয়ে ধর্ষণ, আটক দুই

বালকাঠি প্রতিনিধি

বালকাঠি সদর হাসপাতালে আশ্রয় নেওয়া ৬০ বছর বয়সী দৃষ্টিহীন এক নারীকে গভীর রাতে তুলে নিয়ে ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় দুই ব্যক্তিকে আটক করেছে পুলিশ। সোমবার দিবাগত রাত আড়াইটার দিকে বালকাঠি পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের কক্ষকাঠি মনু সড়ক এলাকায় এ ঘটনা ঘটে। আটক দুজন হলেন পৌরসভার কক্ষকাঠি এলাকার মো. বেলাল সিকদার (৪২) ও বিকনা এলাকার মো. নাসির মল্লিক (৫৩)। ভুক্তভোগীর অভিযোগ, রাত আড়াইটার দিকে বেলাল সিকদার তাঁর ছেলে অসুস্থ বলে তাঁকে হাসপাতাল থেকে বাইরে নিয়ে যায়। পরে হাসপাতালের সামনের একটি দোকানে দুই অভিযুক্তের সঙ্গে চা পান করেন তিনি। এরপর তাঁকে মোটরসাইকেলে করে কক্ষকাঠি মনু সড়ক এলাকায় নিয়ে যাওয়া হয়। সেখানে দুই ব্যক্তি তাঁর ওপর যৌন নির্যাতন চালায় বলে অভিযোগ করেন তিনি। রাত ৩টার পর তাঁকে আবার হাসপাতালের সামনে রেখে চলে যান অভিযুক্তরা। সকালে হাসপাতাল কর্তৃপক্ষ ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাগিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পাট অধিদপ্তর

খর ও পাট অধ্যয়ন

www.dajute.gov.bd

সোনালী আঁশের সোনার দেশ

পরিবেশ বান্ধব বাংলাদেশ

গণ বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণ রোধ ও পাটের পরিবেশবান্ধব সোনালী আঁশ পাটের ব্যবহারে বৃদ্ধি সঞ্চে বাংলাদেশ সরকার 'পশো পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০' প্রণয়ন করেছে।

- এ আইনের অওতায ধান, চাল, গম, ভুট্টা, সার, চিনি, মরিচ, হলুদ, পেঁয়াজ, আলু, রসুন, আলু, ধনিয়া, আদা, ময়দা, পোস্তি ফিচ, ফিস ফিচ ও তুহ-মুহ-ভুতা মোড়কীকরণে পাটের বস্তা ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে;
- আইন অনুমানকারীর শাস্তি অধিনের ০১ বছরের কারাদণ্ড বা অর্থনৈতিক ৫০ হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড;
- পাট আইন ২০১০, এর আইনের ৫ ধারা অনুযায়ী পাট ও পাটপোশের ব্যবসা পরিচালনার জন্য লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক;
- লাইসেন্সধারী ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক ৫০০ মসের বেশি পরিমাণ পাট এক মাসের অধিক সময় হস্তান্তর রাখা দণ্ডনীয় অপরাধ;
- বৈধ লাইসেন্স ব্যক্তি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পাট ও পাটজাত পণ্যের ব্যবসা পরিচালনা করতে পারবেন না;
- কড়া পাট বালি, পানি বা হং দেশাধো পাট আইনে দণ্ডনীয় অপরাধ;
- পাট আইন ২০১০ এর ১৯ (১) ধারা মোতাবেক লাইসেন্সধারী পাট ও পাটপোশের ব্যবসা পরিচালনার শাস্তি অধিনের ০৩ বছরের কারাদণ্ড বা অর্থনৈতিক ০১ লাখ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড;
- পাট ও পাটজাত পণ্যের ব্যবসা পরিচালনার জন্য myGov এর মাধ্যমে অনলাইনে লাইসেন্স গ্রহণ ও নিয়মিত নবায়ন করুন;

পরিবেশবান্ধব ফসল হিসেবে সোনালী আঁশ পাটের বিকশাসী স্বাতি সমুদ্রত রমায় লক্ষ্যে পাট ও পাটজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি ও অর্থায়ন ব্যবস্থার নিশ্চিতকরণে পাট ও পাটজাত পণ্য উৎপাদনকারী, ক্রয়-বিক্রয়কারী, রপ্তানীকারকসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি। একই সাথে উন্নীতকৃত আইনের যথাযথ প্রয়োগ ও বাস্তবায়নে সরকারকে আর্থিক ভূমিকা রাখার জন্য অনুরোধ করছি।

সেবার মো: নুরুল খানির

অতিরিক্ত সচিব

মহাপরিচালক

পাট অধিদপ্তর

মহাদাক্ষীয় কৃষকবান্ধব পদক্ষেপ নিন

কৃষিশর্তর বাংলাদেশে কৃষকের সমস্যা-সংকটের যেন অন্ত নেই। দিনে দিনে কৃষি খাতে নানা সফল এলোও কৃষকের ভাগ্যের তেমন পরিবর্তন হয়নি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সর্বশেষ জরিপেও এমন হতাশাজনক চিত্র উঠে এসেছে। দেখা গেছে, উৎপাদন যে হারে বেড়েছে, সেই অনুযায়ী কৃষকের আয় বাড়েনি। এতে কৃষকসমাজ যে দুর্বিপাকে ছিল, সেখানেই রয়ে গেছে। জরিপের বরাত দিয়ে জানিয়েছে, দেশের খাদ্য নিরাপত্তার দিক থেকে সবচেয়ে ভরসার জায়গা হলেন ক্ষুদ্র কৃষক। দেশের মোট খাদ্য উৎপাদনের অর্ধেকের বেশি তাদের হাতে, অথচ আয়, জমির মালিকানা, জীবনমানসহ প্রায় সব সূচকেই তারা বড় কৃষকদের তুলনায় অনেক পিছিয়ে। বিশেষজ্ঞরা বলছেন, এই ব্যবধান ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের পথে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে। গত মঙ্গলবার প্রকাশিত বিবিএসের ‘সার্বভূ অন ইনকাম অ্যান্ড প্রোডাক্টিভিটি অফ মল-ফ্লেব ফুড প্রডিউসার্স ২০২৫’ জরিপের উদ্দেশ্য ছিল ‘ক্ষুদ্র খাদ্য উৎপাদনকারদের শ্রম উৎপাদনশীলতা’ এবং ‘ক্ষুদ্র খাদ্য উৎপাদনকারদের গড় আয়ের’ পরিমাপ যাচাই করা। এই জরিপে দিয়ে আট বিবিএসের ফসল, বনায়ন, শস্য,প্রাণিসম্পদ, মৎস্যসহ পাঁচটি কৃষি খাতের ১২ হাজার ৭৮৯টি খামার পরিবারের তথ্য বিশ্লেষণ করা হয়েছে। জরিপের ফল বলছে, দেশের মোট খাদ্য উৎপাদনকার ৫৩.৬৫ শতাংশই ক্ষুদ্র কৃষক। জাতীয় পর্যায়ে শ্রম দিবসপ্রতি গড় উৎপাদনশীলতা এক হাজার ৮৬৮ টাকা। কিন্তু ক্ষুদ্র কৃষকদের ক্ষেত্রে এই অঙ্ক মাত্র এক হাজার ৪৯৪ টাকা, অন্যদিকে বড় কৃষকদের ক্ষেত্রে সেটি দুই হাজার ৩০১ টাকা। জমির মালিকানার ক্ষেত্রেও একই বৈষম্য দিখানো। তবে বহুধর্জীবী ফসল, বনায়নের মতো কিছু ক্ষেত্রে ক্ষুদ্র কৃষকরা বড় কৃষকদের থেকে এগিয়ে রয়েছেন। জীবনমানের দিকে লক্ষ করলেও দেখা যায়, প্রায় ৫০ শতাংশ কৃষক পরিবারের ঘরের মেঝে এখনো মাটির। এলাপির ব্যবহারকারী পরিবারের হার মাত্র ৫.৭ শতাংশ। এ ছাড়া কৃষক পরিবারের সংসদনের মধ্যে ১৭ শতাংশের কোনো প্রাতিষ্ঠানিক শিক্ষা নেই। আমাদের কৃষি খাতে নির্মম বাস্তবতা হলো, দেশের কৃষক মাথাব ঘাম পায়ে ফেলে উৎপাদন করেন রিকিই, কিন্তু নিজের উৎপাদিত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষমতা তাঁর হাতে থাকে না। বিশেষ করে ক্ষুদ্র কৃষকরা ঋণ করে অন্যের জমিতে চাষ করে ফসল ফলান, শেষ পর্যন্ত বাজারে গিয়ে দেয়নেও উৎপাদন করতেও উঠেন না। কম দামে ফসল বেচাতে বাধ্য হন। তাই ভাগ্যের ঢাকাও আর ঘোরে না। আমরা মনে করি, দেশের খাদ্য উৎপাদনের মূল চালিকাশক্তি ক্ষুদ্র কৃষকের আয় বাড়াতে সরকারকে সমর্থিত পদক্ষেপ নিতে হবে। দেশের প্রচলিত বাজারকাঠামোর আমূল সংস্কার করতে হবে। সর্বোপরি ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে কার্যকর ও লক্ষ্যভিত্তিক নীতি সহায়তার প্রয়োজন।

রাষ্ট্রপতি ভোটের বৈঠক

৫টা পর্যন্ত জাতীয় সংসদ কর্মক বৈঠকের আহ্বান করছেন নির্বাচনী কর্তা ও প্রধান নির্বাচক ফারিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিন। মঙ্গলবার এ সংকেত প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়, ‘রাষ্ট্রপতি নির্বাচন আইন-১৯৯১ প্রদত্ত ক্ষমতাবলে পিস্কারের সঙ্গে আলোচনাক্রমে রাষ্ট্রপতি নির্বাচনের জন্য নির্ধারিত ভোটাধ্বসের দিনে অর্থাৎ ২০ আগস্ট বেলা ৩টায় জাতীয় সংসদ ভবনের সংসদ কর্মক সংসদ সদস্যদের বৈঠক আহ্বান করছি।’ রাষ্ট্রপতি নির্বাচনে ভোট দেবেন জাতীয় সংসদের ৩৪৯ জন সংসদ সদস্য। এ দিন বেলা ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সংসদ সদস্যরা ভোট দেবেন। রাষ্ট্রপতি নির্বাচনের এরই মধ্যে প্রার্থী দিয়েছে বিরোধী দল জামায়াতের নেতৃত্বত থাকা জোট। অন্যদিকে এখনো প্রার্থী চূড়ান্ত করেনি ক্ষমতাসীন বিএনপি।

২৭ আগস্ট বসছে

(অব.) হাফিজ উদ্দিন আহমদ। মঙ্গলবার (১১ আগস্ট) সংসদ সচিবালয়ে গণসম্মেলন অধিাশা-১-এর পরিচালক মনির হোসেন স্বাক্ষরিত এক সবেদা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি আগামী ২৭ আগস্ট বিকেলে জাতীয় সংসদ ভবনের অধিবেশন কর্মক ক্রয়েদশ জাতীয় সংসদের এ অধিবেশন আহ্বান করেছেন। এটি চলতি সংসদের তৃতীয় অধিবেশন হতে যাচ্ছে। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, রাষ্ট্রপতি বলেছেন, “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে আমি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি, হাফিজ উদ্দিন আহমেদ ২৭ আগস্ট বিকেল ৩টায় ঢাকার শেরে বাংলা নগরে অবস্থিত জাতীয় সংসদ ভবনের সংসদ কর্মক ক্রয়েদশ জাতীয় সংসদের তৃতীয় (২০২৬ খ্রিষ্টাব্দের ৩য়) অধিবেশন আহ্বান করছি।”

আমরা সবাই বাংলাদেশের

একটিই মূল পরিচালনা আমরা সবাই ‘বাংলাদেশ’। এখানে কোনো ‘আদিবাসী’ গোষ্ঠী নেই; আমরা সকলেই বাংলাদেশের ‘অধিবাসী’। সংবিধান অনুযায়ী দেশের প্রতিটি নাগরিকের অধিকার ও সুযোগ-সুবিধা সমানভাবে সুরক্ষিত। মঙ্গলবার (১১ আগস্ট) রাজধানীর গুলশানে ড্রাক্স রাজা হোটেলের বলরুমে চিটাগং ছিল ডাক্টিস রিসার্চ গ্লোউডেশন (সিএএটিআরএফ)এর এক উদ্যোগে আয়োজিত ‘ইন’/ডিজিনাস আইডেন্টিটি ইজ? ইরেলিভেন্ট ফর বাংলাদেশ’ শীর্ষক এক প্যানেলবিল বৈঠকে পানয়ন অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সিএএটিআরএফ প্রোগ্রামমান মেহেন্ী হাসান পলাশ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গভা ও সম্প্রচার মন্ত্রী জবির উদ্দিন খান এবং সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী আদী নেওয়াজ মাহমুদ খৈয়ম। মন্ত্রী বলেন, বাংলাদেশের ভৌগোলিক সীমানায় বসবাসরত সকল নাগরিক সমান নাগরিক অধিকার ভোগ করেন। তিনি বলেন, রাজনৈতিক সমঝোতার দলিল জুলাই জাতীয় সনদে দেশের সকল রাজনৈতিক দল ও অখোঁজজন বর্নসম্মতিক্রমে সম্মত হয়েছেন যে, বাংলাদেশের ভূখণ্ডের সর্বস্তরের মানুষের পরিচয় হবে ‘বাংলাদেশি’। এই জাতীয় একা ও রাজনৈতিক অঙ্গীকার দেশের সার্বভৌমত্ব ও অখণ্ডতা রক্ষায় মূল ভিত্তি। অন্যস্বর জনগোষ্ঠীর জন্য সার্বৈধানিক সুরক্ষার বিষয়টি তুলে ধরে মন্ত্রী বলেন, বাংলাদেশ রাষ্ট্র তার ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, উপজাতি ও বিভিন্ন সম্প্রদায়ের ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্যকে রক্ষা, বিকাশ ও সুরক্ষণে পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, জাতীয় মূলধারার সাথে সমতা আনার লক্ষ্যে পিছিয়ে পড়া জনগোষ্ঠী, নারী ও শুলধারের কল্যাণে রাষ্ট্র বিশেষ সুবিধা ও কোটা ব্যবস্থা বজায় রেখেছে, যা সংবিধানেও স্বীকৃত। পার্শ্ববর্তী বিভিন্ন বহুজাতী ও বহুজাতির রাষ্ট্রের উদাহরণ টেনে তিনি বলেন, সেখানে শত শত ভাষা প্রচলিত থাকা সত্ত্বেও পৃথক ‘আদিবাসী’ সত্তার রাষ্ট্রীয় স্বীকৃতি দেওয়া হয়নি; বরং অন্তর্ভুক্তির সুযোগ-সুবিধা দিয়ে মূলধারায় যুক্ত করা হয়েছে। মন্ত্রী আরও বলেন, ২০০৭ সালের ১৩ সেপ্টেম্বর গৃহীত জাতিসংঘের ‘ইউনেস্কো নোমেনস ক্লকুরেশন অন দ্য রাইসট অব ইন্ডিজিনাস পিপলস’ সনদেই ক্ষেত্রে বাংলাদেশ গুরু থেকেই স্পষ্ট অবস্থান গ্রহণ করেছিল। তিনি বলেন, বাংলাদেশ উক্ত ভোটগুটিতে ভোটদানে বিতত ছিল এবং বিশ্বেও অনেক প্রভাবশালী রাষ্ট্রও এর বিরুদ্ধে অবস্থান নিয়ে। তিনি আরো বলেন, উক্ত আন্তর্জাতিক ক্লকুরেশন বা আইএলও কনভেনশন ১৬৯ বাংলাদেশের ক্ষেত্রে কোনোভাবেই প্রযোজ্য নয় এবং বাংলাদেশ এর অস্বীকার নয়। প্যানেলটিবিল আলোচনার অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংসদ সদস্য নিলোফার চৌধুরী মনি, বিএনপির যুগ্ম মহাসচিব ও ময়মনসিংহ জেলা পরিষদের প্রশাসক এমরান সালেহ খ্রিস্, প্রধানমন্ত্রীর সহকারী (রাজনৈতিক) রাশেদ খান, বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা অধ্যাপক সুকোমল বড়ুয়া, এনসিপির মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারিজস আলম, অস্বর্ভবী সরকারের সাবেক উপদেষ্টা অসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, সেক্রেটার্যাট জেনারেল আবদুল্লাহ আলি আযামী (অব.), মেজর জেনারেল (অব.) ফজলে এলাহী আকবর, প্রতিদিনের বাংলাদেশের সম্পাদক মাক্ফ কামাল খান, মানারাত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ আব্দুর রব প্রমুখ।

জনগণ অর্থনৈতিকভাবে শক্তিশালী

লক্ষ্য। জনগণ অর্থনৈতিকভাবে শক্তিশালী হলেই রাষ্ট্র শক্তিশালী হবে। তিনি বলেছেন, রাজনৈতিক অধিকারের পাশাপাশি মানুষের অর্থনৈতিক সক্ষমতা নিশ্চিত করা জরুরি। এজন্য দেশীয় উদ্যোক্তাদের বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টিতে উৎসাহিত করতে সরকার প্রয়োজনীয় সব ধরনের নীতি সহায়তা দেবে। মঙ্গলবার (১১ আগস্ট) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে বন্ধ থাকা রাষ্ট্রায়ত্ত্ব তিনটি পটটক বেসরকারি দুটি শিল্পপ্রতিনি়ের কাছে ইজারা দেওয়ার চুক্তি সেই অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, জনগণের অর্থনৈতিক সক্ষমতা নিশ্চিত করা গেলে রাষ্ট্র শক্তিশালী হয়। সাধারণ মানুষকে অভাবের মধ্যে রেখে কিংবা তাদের মুখ বন্ধ করে কোনো রাষ্ট্র শক্তিশালী হতে পারে না। দেশের প্রকৃত উদ্যোক্তাদের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়ে তিনি বলেন, সরকার তাদের প্রয়োজনীয় সহযোগিতা দেবে। উদ্যোক্তাদের সহযোগিতা করা গেলে একদিকে মানুষের কর্মসংস্থান ও জীবনের নিশ্চয়তা তৈরি হবে, অন্যদিকে সামগ্রিক অর্থনৈতিক পরিস্থিতির উন্নতি হবে। সরকারপ্রধান বলেন, আমরা এমন একটি দেশ তৈরি করতে চাই, যেখানে সবাই এখন যে অবস্থায় আছে, তারচেয়ে ভালো থাকবে। এটাই আমাদের মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বিদেশি বিনিয়োগের পাশাপাশি দেশীয় বিনিয়োগের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, বিদেশি বিনিয়োগ অবশ্যই আসবে এবং সরকার সেটি চায়। তবে দেশের নিরঙ্ক বিনিয়োগকারী ও উদ্যোক্তাদেরও উৎসাহিত করতে হবে। তাদের ব্যবসা ও বিনিয়োগের জন্য সরকারের পক্ষ থেকে যতটুকু নীতি সহায়তা সরবরাহ, তা দেওয়া হবে। সরকারের এ নীতির মূল উদ্দেশ্য সমাজের সঙ্গে খেলিপেশার মানুষের জন্য সুযোগ তৈরি করা, এ কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, সবার সহযোগিতায় একটি সুন্দর ও শক্তিশালী দেশ গড়ে তুলতে সরকার কাজ করছে। বঙ্গবীর শেষ দিকে তিনটি পটটকের দায়িত্ব নেওয়া দুই ব্যবসায়ী গ্রুপকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী। নতুন বিনিয়োগে প্রতিষ্ঠানগুলো সফল হবে এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দেশের অর্থনীতিতে ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

হাসপাতাল থেকে দৃষ্টিহীন বুদ্ধাকে

তাঁকে ভর্তি করে চিকিৎসা দেয় এবং পুলিশকে খবর দেয়। পরে সকালে বেলাল সিদ্ধারকে কৃষকরাটি এলাকার বাসা থেকে এবং পরের ১২টার দিকে নাসির মল্লিককে বরিশাল শহরের কালীর মোড়ে থেকে আটক করে পুলিশ। হাসপাতাল সরে জানা গেছে, ওই নারী বহু বছর ধরে হাসপাতালের বারান্দায় অবস্থান করতেন। তিনি হাসপাতালের ভর্তি রোগী ছিলেন না। মানবিক কারণে তাঁকে সেখানে থাকতে বাধ্য দেওয়া হয়নি। ঘটনার সময় তিনি গাইনি ওয়ার্ডেই একটি ফাঁকা বেডে ঘুমিয়ে ছিলেন। হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. মাসুম ইকতখোর বলেন, নিরাপত্তার জন্য হাসপাতালে পুলিশ বা আনসার নেই। আউটসোর্সিংয়ের নিরাপত্তাকর্মী দায়িত্ব থাকেন। ঘটনার সময় দুজন নিরাপত্তা কর্মী হাসপাতালের গেটের দুইদিক ঘেঁষে ছিল। কারণ ওখান থেকেই বিভিন্ন সময় হেন্দ্রাটিক ডার ও এসির সন্ত্রাস চুরি হয়েছে তাই। বালকাটি সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাহমুদ হোসান বলেন, আটক দুজনের বিরুদ্ধে পরবর্তী আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

নগরীতে সিটি বাস সার্ভিসসহ তিন

দাবি তুলে করেন। এক্ষে সাতের নগরীর বাজাট নিরসনে কার্যকর ও দীর্ঘমেয়াদি উন্মোগ হরপেই আহ্বান জানান তারা। শিক্ষার্থীদের ৫ দফা দাবির মধ্যে রয়েছে, নথুভ্রাবাদ-চৌমাথা-রুপাতলী বাসস্ট্যান্ড এলাকায় দ্রুত ফুটওভারব্রিজ নির্মাণ, বরিশাল নগরীতে সিটি বাস সার্ভিস চালু, ভাঙ্গা-বরিশাল মহাসড়কের গড়িয়ায়গড়-নথুভ্রাবাদ-রুপাতলী অংশ ও দেশের উন্নীত করা, নগরীতে চলাচলকারী অটোরিকশা ও সিএনজির ভাড়া নির্ধারণ করে ভাড়ার চাট প্রকাশ ও কার্যকর করা এবং যানজট নিরসনে টেকসই ব্যবস্থা গ্রহণ। অবস্থান কর্মসূচিতে শিক্ষার্থী নাইম বলেন, নথুভ্রাবাদ, চৌমাথা ও রুপাতলী বরিশাল নগরীর অন্যতম গুরুত্বপূর্ণ অঞ্চল। প্রতিদিন এসব সড়ক দিয়ে বিপুলসংখ্যক মানুষ ও যানবাহন চলাচল করে। অথচ নিরসনে সড়ক পারাপারের পর্যাপ্ত ব্যবস্থা নেই। ফলে শিক্ষার্থীসহ নগরীতদের ঝুঁকি নিয়ে রাস্তা পার হতে হচ্ছে। দ্রুত ফুটওভারব্রিজ নির্মাণের মাধ্যমে এ সমস্যা সমাধানে দাবি জানান তিনি। শিক্ষার্থী রোহান বলেন, বরিশাল নগরীতে সিটি বাস সার্ভিস না থাকায় সাধারণ মানুষকে অটোরিকশা ও সিএনজির ওপর নির্ভর করতে হচ্ছে। এতে অতিরিক্ত ভাড়া আদায়সহ বিভিন্ন বিকালে যাত্রীদের সাথে চালাকদের বিরোধের সৃষ্টি হয়। তাই সিটি বাস চালুর পাশাপাশি অটোরিকশা ও সিএনজির ভাড়া নির্ধারণ করে তা কার্যকর করা প্রয়োজন। শিক্ষার্থীরা বলেন, বরিশালের সাথে দেশের অন্যান্য অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা আরও সহজ ও গতিশীল করতে ভাঙ্গা-বরিশাল মহাসড়ক ও সেনেটীত করা সময়ের দাবি। পাশাপাশি নগরীর ক্রমবর্ধমান যানজট মোকাবিলায় ষফলমেই উদ্যোগের পাশাপাশি দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করতে হবে। তাদের ভাষা, নিরাপদ ভ্রুক, সুসুজল গণপরিবহন ও নিরীয যাতায়াত নিশ্চিত করা না গেলে একটি পরিকল্পিত ও আধুনিক নগরী গড়ে তোলা সম্ভব নয়। তাই জনতাগোষ্ঠি কমান্ডে সন্ত্রস্তি কর্তৃপক্ষকে দ্রুত কার্যকর পদক্ষেপ ন্যায়র আহ্বান জানান তারা। কর্মসূচি শেষে শিক্ষার্থীরা নির্ধারিত সময়ের মধ্যে দশা দাবি বাস্তবায়নের জন্য সন্ত্রস্তি কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। এক্ষে সাথে দাবি বাস্তবায়নে দ্রুত দৃশ্যমান উন্মোগ না নেয়া হলে পরবর্তী কর্মসূচি দেয়ার কথাও জানান তারা।

বাড়ির পাশে খেলার

খোঁজাখুঁজি শুরু করেন। এপর্যবেই বাড়ির পাশে কুয়ায় সন্দেশ হলে সেখানে মেয়ে খোঁজ করেন মজলান। পরে তন্না থেকে শিশুটিকে বহু অস্থায়ী উদ্ধার করা হয়। দ্রুত তাতে গলাগিটা উণ্ডালেকা যন্ত্র কমপ্লেক্সে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে মৃত ঘোষণা করেন। শিশুটির মৃত্যুর খবর পেয়ে গলাগিা থানার সেকেন্ড অফিসার মো. রানা সাদেকের কাছে ঘটনাস্থলে গিয়ে ঘটনাস্থল ও মরদেহের বিষয়ে খোঁজ নেন। এ বিষয়ে গলাগিা থানার সেকেন্ড অফিসার মো. রানা বলেন, প্রাথমিকভাবে ঘটনটি একটি আত্মকাজিতক দর্ঘ্যনাতা বলে জানা গেছে। পরিষরের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

বরিশালে অবসর প্রাপ্ত শিক্ষকদের

মিছিল বের করেন। সবচেয়ে বক্তারা ক্ষোভ প্রকাশ করে বলেন, জীবনের গুরুত্বপূর্ণ সময় শিক্ষার্থীদের পাঠানো ও দেশের শিক্ষা ব্যবস্থায় অবদান রাখার পরও অবসর জীবনে এসে নিজেদের ন্যায্য পাওনা আদায়ের জন্য বছরের পর বছর অপেক্ষা করতে হচ্ছে শিক্ষক-কর্মচারীদের। অনেকে দীর্ঘ প্রতীকারের পরও অবসর ও কল্যাণ ভাতা না পেয়েই মৃত্যুবরণ করেছেন। এটি শুধু আর্থিক জোড়াঞ্জি নয়, অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের প্রতি চমক অবচিত্য। বক্তারা বলেন, ‘শিক্ষাব্যবস্থা জাতীয়করণ করতে হবে। অবসর ও কল্যাণ ভাতা নিয়ে নয়-হয়, দুনীতি মানি না মানবে না।’ চাকরিকালীন সময়ে নিয়মিত চাঁদা নেওয়ার পর অবসরে গিয়ে নিজেদের প্রাপ্য অর্থ পেতে বছরের পর বছর অপেক্ষা করার কোনো ম্যাকিন্দা নেই। বিবি অনুযায়ী যে অর্থ পাওয়ার অধিকার তাদের রয়েছে, তা কোনো দয়া বা অনুদান নয়; এটি তাদের ন্যায্য পাওনা। সংগঠনের সভাপতি অধ্যক্ষ সুভাষচন্দ্র গাল বলেন, অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীরা চাকরিকালীন সময়ে নিয়মিত চাঁদা দিয়েছেন। শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত অর্থ নেওয়া হয়েছে। অথচ অবসরের পর সেই অর্থের সুবিধা পেতে তাদের দীর্ঘ অপেক্ষার মুখে পড়তে হচ্ছে। একজন শিক্ষক তাঁর কর্মজীবনের শেষ দিন পর্যন্ত দায়িত্ব পালন করায় পর অবসর জীবনে এমন অনিশ্চয়তার মধ্যে থাকবেন এটি কোনোভাবেই মেনে নেওয়া যায় না। তিনি দ্রুত অবসর ও কল্যাণ ভাতার পুরো অর্থ পরিশোধের দাবি জানান। তিনি আরও বলেন, শুধু আংশিক অর্থ প্রদান করে এই সংকটের স্থায়ী সমাধান হবে না। সরকারের কাছে তাঁদের দাবি, আবেদনকারী প্রত্যেক অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীরা বিবিসনতে সম্পূর্ণ পাওনা দ্রুত পরিশোধ করতে হবে। দাবি বাস্তবায়ন না হলে আরও কটোর সিদ্ধান্ত দেওয়া হবে। সংগঠনের প্রধান উপদেষ্টা জিানুর রহমান সেলিম বলেন, শিক্ষক-কর্মচারীদের কাছ থেকে চাকরিকালীরা সময়ে নিয়মিত অর্থ কেটে নেওয়া হলেও তাদের প্রাপ্য অর্থ প্রদানে দীর্ঘসূত্রতা অত্যন্ত দুঃখজনক। অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের নিয়ে কোনো ধরনের টালবাহানা, অনিয়ম বা নীতি বরদাশত করা হবে না। ন্যায্য দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। সংগঠনের সম্পাদক মোঃ আনোয়ারুল হক বলেন, অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীরা কাজ ও করুণা চান না। তারা চান তাঁদের ন্যায্য অধিকার। বিবি অনুযায়ী প্রাপ্য অর্থ দ্রুত পরিশোধের মাধ্যমে দীর্ঘদিনের এই ভোগান্তির অবসান ঘটাতে হবে।

জুলাই অভ্যুত্থান দমনে ব্যবহৃত

উপস্থাপন করেন প্রসিকিউটর গাজী এমএইচ তামিম। এ সময় চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম, প্রসিকিউটর মিজানুল ইসলাম, আবদুস সোবহান তরফদার, ফারুক আহামদ, সহিদুল ইসলাম সরদার, শাইখ মাহদী, মঈনুল করিমসহ অন্যান্য প্রসিকিউটর উপস্থিত ছিলেন। যুক্তিতর্কে ২০২৪ সালের জুলাই-আগস্ট আন্দোলন দমনে চায়না রাইফেল, পিস্তল, শটগান থেকে শুরু করে হেলিকপ্টার ব্যবহারের মাধ্যমে আন্দোলনকারীদের ওপর গুলি ছোড়ার বিবরণ দেন প্রসিকিউটর তামিম। তিনি জানান, বিভিন্ন ধরনের অস্ত্র ব্যবহার করেছেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। এর মধ্যে রয়েছে চায়না রাইফেল, ৭ দশমিক ৬২ মিমি রাইফেল, পিস্তল, এলএমজি, এসএমজি, শটগান, রিভলভারসহ অন্যান্য অস্ত্র। ৫ আগস্ট শেষ হাসিনার সরকারের পতনের পর পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী জুলাই-আগস্ট আন্দোলন ঘিরে মোট ৩ লাখ ৫ হাজার ৩১১ রাউন্ড গুলি খরচ করা হয়েছিল। শুধু ঢাকায় খরচ হয়েছে ৯৫ হাজার ৩১৩ রাউন্ড। এছাড়া দেশের ৪১ জেলার ৪৩৮ স্থানে ঘটেছে হত্যাকাণ্ড। ৫০-এরও বেশি জেলায় ব্যবহৃত হয়েছে মারণাস্ত্র। আন্দোলনকারীদের ওপর হেলিকপ্টার থেকেও গুলি ছোড়ার কথা তুলে ধরে প্রসিকিউশন। হ্রোন ব্যবহার করে আন্দোলনকারীদের শনাড়ের পর হেলিকপ্টারের মাধ্যমে গুলি ছোড়া হয়েছে বলে জানান প্রসিকিউটর তামিম। যুক্তিতর্কের শুরুতে এদিন হাজেলী সভাপতি সাদাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালি আসিফ ইনানের ভূমিকা নিয়ে বর্ণনা দেওয়া হয়। এর পরপ্রক্ষেপ্তে ২০২৪ সালের ১১ জুলাই অগ্ন্যামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের সঙ্গে শাদামের একটি ঘোষণাব্য বাজিয়ে শোনানো হয়। ১৪ জুলাই কাদেরের উসকানিমূলক বক্তব্যের কিছু অংশ পড়ে শোনান এই প্রসিকিউটর। তার দাবি, শীর্ষ নেতাদের ধারাবাহিক ভাবে নির্মমতা চালানো হয়। সারাদেশের নেতাকর্মীদের হত্যার বৈধতাও দেন তারা। আন্দোলন দমনে তাদের সন্ময়করণ প্রতিটি বক্তব্য নিয়ে একেকটি চার্জ হতে পারে বলে মন্তব্য করেন তামিম। তিনি আরও বলেন, ১৫ জুলাই ঢাবি এলাকার শিক্ষার্থীদের ওপর হালাকারীদের মধ্যে ছাত্রলীগ ছাড়াও অগ্ন্যামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবকলীগের নেতাকর্মীরা ছিলেন। এমনকি আরের দিন রাতে শিক্ষার্থীদের শাশ্তিপূর্ণ মিছিল চৌকাতৈ গিমনি এলাকায় অবস্থান নেন তৎকালীন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাকফ ও যুবলীগের সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল। এ সময় ওই দিন রাতে দেওয়া আরাকফ ও নিখিলের আলাদা দুটি ভিডিও বক্তব্য প্রদর্শন করা হয়। এছাড়া হামলার ধৈর্যতা দিতে আন্দোলনকারীদের বিএনপি-জামায়াত ট্যাগ দেওয়া হয়েছে বলে দাবি করা হয়। সর্বনিম্নিয়ে যুক্তিতর্কে এই পাঁচদিনে সাত আসামিরই আলাদা আলাদা ভূমিকা নিয়ে প্রমাণ হিসেবে বিভিন্ন বক্তব্য কিংবা ফোনালপ উপস্থাপন করে প্রসিকিউশন। গত ৪ আগস্ট প্রসিকিউশনের যুক্তি পর্ব শুরু হয়। প্রথম দিন পটভূমি তুলে ধরেন প্রসিকিউটর গাজী এমএইচ তামিম। এরপর ওবায়দুল কাদের, অগ্ন্যামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাফিস ও যুবলীগ সভাপতি শেখ ফজলে শামস পরশের বিরুদ্ধে আনা অভিযোগের প্রেক্ষিতে বিভিন্ন তথ্য-উপাত্ত উপস্থাপন করা হয়। আওয়ামী লীগের সভাপনী বক্তব্যের মধ্য দিয়ে এ পর্ব সম্পন্ন হয়ে বলে জানিয়েছে প্রসিকিউশন। এরপরই শুরু হবে স্টেট ভিডেস্ফ আইনজীবীদের যুক্তিতর্ক। বর্তমানে এ মামলার সব আসামিই পলাতক রয়েছেন।

গৃহমধ্যে কত্যা করে লাশ

দিনার সফে মোমেনোর প্রবাসী দেবর রায়হান রাঠীর প্রায় এক বছর আগে সামাজিকভাবে বিয়ে হয়। মোমেনার ছোট বোন দিনা বেগম বলেন, বাংলাদেশে ফেরার পর থেকেই তার স্বামী সোহাগ মোবাইল ফোনে মোমেনােকে তালুক দেওয়ার হুমকি দিয়ে আসছিলেন। দিনা জানান, সোমবার বিকেলে জরুরি প্রয়োজনে তিনি বাসার বাইরে যান। রাতে ফিরে এসে দেখেন, মোমেনার রক্ষের দরজা বন্ধ। স্থানীয় বাসিন্দা জিয়াউর রহমান বলেন, রাত ১২টার দিকে বিদেশি থাকা মোমেনোর স্বামী সোহাগ তাকে ফোন করে জানান, মোমেনার রক্ষের দরজা বন্ধ। পরে তাকে বাসায় গিয়ে বিষয়টি দেখতে বলেন। এরপর জিয়াউর রহমান আরেকজনের সঙ্গে নিয়ে ওই বাসায় গিয়ে কক্ষটির দরজা বন্ধ দেখতে পান। পরে বাসায় থাকা মোমেনার দেবর রাহাত রাঠী (৭৭) ও তার মায়ের সহযোগিতায় রক্ষের দরজা ভাঙা হয়। জিয়াউর রহমানের বলেন, দরজা খুলে তেভরে প্রবেশ করে তারা জানোয়ার গিলের সঙ্গে মোমেনাকে বুলুঙ অবস্থায় দেখতে পান। তবে তার পা হাঁটু পর্যন্ত মেঝেতে স্পর্শ করছিল। পরে জাতীয় জরুরি সেবা নম্বরে ফোন করে পুলিশকে জানানো হয়। নিহতের কাবা মো. আব্দুল্লাহ মিয়া বলেন, আমরা মেয়ে আত্মহত্যা করানি। ছোট মেয়ে দিনা বাসায় না থাকার সুযোগে প্রবাসী সোহাহোর প্ররোচনায় তার ছোট ভাই ও মা মোমেনাকে হত্যা করেছেন। পরে ঘটনাটিকে আত্মহত্যা হিসেবে দেখাতে মরদেহ বুলিয়ে রাখা হয়েছে। গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তারিক হাসান রাসেল বলেন, মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে মোমেনার মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। পুরো ঘটনাটি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। ইতোমধ্যে জিজ্ঞাসাবাদের জন্য নিহতের শাশুড়ি ও দেবরকে থানায় আনা হয়েছে। নিহতের বাবার পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ দেওয়া হলে সেটিও তদন্ত করে দেখা হবে। তদন্ত শেষে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

চার অর্থবছরে ইলিশ উৎপাদন কমেছে

অন্যতম কারণ, নদী থেকে সাগর পর্যন্ত ইলিশের চলার পথে বাধা, পানিপ্রবাহ কমে যাওয়া, অবৈধ জাল, ট্রলিং বাোট ওভার ফিশিং, মাইক্রোপ্লাস্টিকসহ নানা দূষণ। আনিছুর বলেন, তিনি কয়েকটি মাছঘাট ঘুরে দেখেছেন। এই সময়ে (আগস্টে) অন্য বছর যতটা ইলিশ পাওয়া যেত, তার চেয়ে অনেকটা কম। মৎস্য অধিদপ্তরের দায়িত্বশীল এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, ‘ইলিশের ক্ষতিতা ২০১৯ সালের পর থেকে শুরু হয়। সাগরে ট্রলিং বাতির আধিপত্য, ভারতের সঙ্গে নিষেধাজ্ঞার সময়টা আলাদা ছিল বিধায় ইলিশের আদি বাড়ি সাগরে উৎপাদন ব্যাহত হয়েছে। আর নদীতে মালিচা না থাকার কারণ হলো, পানির গভীরতা কমে গেছে, ভূবোচরে চলাচলের পথ বাধাপ্রস্তু হচ্ছে, তার ওপর নতুন আপদ যুক্ত হয়েছে মাইক্রোপ্লাস্টিকের চিত্তা।’ বরিশাল পোর্ট রোডের মৎস্য আড়তদার নাসির উদ্দিন বলেন, ‘মোকামে ইলিশ নেই বললেই চলে। গত শনিবার ১ হাজার ২০০ গ্রামের ইলিশ প্রতি কেজি ৩ হাজার ২৫০ টাকা, এক কেজির ইলিশ ২ হাজার ৭৫৯ টাকা, এলসি (৮০০-৯০০ গ্রাম) ২ হাজার ৬৬৯ টাকা, ৫০০ গ্রাম ওজনের ইলিশ ২ হাজার ১৫০ টাকা এবং জাটকা ৮০০ থেকে ৯০০ টাকা দরে বিক্রি হয়েছে।’ শনিবার পোর্ট রোডে সর্বোচ্চ ৫০ মণ ইলিশ উঠেছে।’ নাসির বলেন, ‘নদীর লোকাল মাছ আসছে না। ট্রলিং জালে সাগর মোহনা থেকে ইলিশ ধরে ফেলায় মাছের আকাল হচ্ছে।’ বরিশাল জেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা ড. মো. হাদিউজ্জামান বলেন, ‘এবার ইলিশের পরিমাণ কম। বৃষ্টি হলেও উল্লেখযোগ্য হারে উৎপাদন বাড়েনি। আসলে মাছ সাগর থেকে নদীতে চুকতে পারছে না। শুধু অভিযানের ব্যর্থতায় দোষ দিয়ে লাভ নেন।’ আরও উপস্থিতিতে চায়না দুয়্যারির মতো অবৈধ জালেও মাছ ধরা যাবেনি। নদীতে মাছ কম, এটাই মূলকথা। এর কারণ ইলিশ যাওয়া-আসার পথে বাধাপ্রাপ্ত হচ্ছে।’ হাদিউজ্জামান বলেন, ‘নতুন করে চিন্তার বিষয় হচ্ছে, গবেষণায় মাছে মাইক্রোপ্লাস্টিক

পাওয়া গেছে। এ জন্য ইলিশের উৎপাদন কমেবে, ভিম সময়মতো আসবে না। এমনকি রোগ প্রতিরোধক্ষমতা কমেবে।’ বরিশাল জেলায় ২০২৫-২৬ অর্থবছরে ইলিশের লক্ষ্যমাত্রা ছিল ৩৯ হাজার টন, কিন্তু জুন পর্যন্ত হয়েছে ৩৭ হাজার টন। এটা বাজারের আনুমানিক তথ্য। বাস্তবে আরও কম হতে পারে।

ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির সাথে তোলা জেলা

এসময় জেলা পরিষদ প্রশাসক গোলাম নবী আলমগীর ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির কাছে দ্রুত সময়ের মধ্যে তোলা - বরিশাল ব্রিজ নির্মাণের দাবি তুলে ধরেন। এছাড়া জেলার নদী ভাঙন প্রতিরোধ, গ্যাসের আবাসিক সংযোগ প্রদান, গ্যাস ভিত্তিক শিল্প কলকারখানা গড়ে তোলাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। রাষ্ট্রপতির সাথে সৌজন্য সাক্ষাৎ শেষে জেলা পরিষদ প্রশাসক গোলাম নবী আলমগীর সাংবাদিকদের কাছে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে জেলার কৃতি সন্তান তোলা -৩ আসনের সংসদ সদস্য মেজর (অব) হাফিজ উদ্দিন আহমেদকে মহান জাতীয় সংসদের পি্পকার এবং ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব দেওয়ার বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। এসময় গোলাম নবী আলমগীর বলেন, “ মাননীয় প্রধানমন্ত্রী বিএনপির চেয়ারম্যান তারেক রহমান একজন অভিজ্ঞ সং, বিচক্ষণ যোগ্য ব্যক্তিকে যথাযথ মর্যাদার সাথে রাষ্ট্রের এমন গুরুত্বপূর্ণ দায়িত্ব দিয়েছেন। এসময় তিনি রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী উভয়ের সুহৃদতার সাথে দীর্ঘায় কামনা করেন।

তোলা-বরিশালসহ ৩ সেতুতে

তাঁর কাঁধালয়ে অনুষ্ঠিত এক সৌজন্য সাক্ষাৎ ও আলোচনায় এ আত্মহের কথা জানানো হয়। বৈঠকে স্ট্যাণ্ডলিয়ন ক্যাপিটাল লিমিটেডের চেয়ারম্যান সাদিন ইব্রাহিম আহমেদ এবং মিয়াগাওয়া কেমেটোর ডিরেক্টর (ওভারসিয়ার) তোজি নিশিদা ৬ সদস্যের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন। আলোচনার শুরুতে সেতু সচিব প্রতিনিধি দলকে জগত জানিয়ে বাংলাদেশের যোগাযোগ খাতে সামগ্রিক অগ্রগতির চিত্র তুলে ধরেন। তিনি পদ্মা সেতু, যমুনা সেতু এবং ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের মতো প্রকল্পগুলোর সাফল্য ও আর্থনামাজিক প্রসারের কথা উল্লেখ করেন। তিনি বলেন, ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রথম পিপিপি ভিত্তিক প্রকল্প এবং এর বাকি অংশ দ্রুত সম্পন্ন করতে সরকার বদ্ধপরিকর। মোহাম্মদ আবদুর রউফ বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখতে আধুনিক ও দক্ষ যোগাযোগ অবকাঠামো গড়ে তোলার বিম্পন্ন নেই। এ জন্য সরকার পিপিপি ভিত্তিক মেগা প্রকল্প বাস্তবায়নে বিশেষ গুরুত্ব দিচ্ছে। জাপানি প্রতিনিধি তোজি নিশিদা বাংলাদেশের অবকাঠামোগত সক্ষমতা ও অর্থনৈতিক গতিশীলতার প্রশংসা করে বলেন, বাংলাদেশে বর্তমানে দক্ষিণ এশিয়ার অন্যতম সম্ভাবনাময় অর্থনৈতিক কেন্দ্র হিসেবে এগিয়ে যাচ্ছে। স্ট্যান্ডলিয়ন গ্রুপের সঙ্গে যৌথভাবে দেশের আর্থিককাপ্রাপ্ত সেতু ও যোগাযোগ প্রকল্পে কাজ করতে তাদের প্রতিষ্ঠান আগ্রহী। সেতু সচিব প্রতিনিধি দলকে জানান, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে প্রযুক্তিগত, যানজটমুক্ত ও পরিবেশবান্ধব সড়ক নেতৃত্বাধিক গড়ে তোলা জরুরি। আন্তর্জাতিক অভিজ্ঞতা ও সক্ষমতা সম্পন্ন বেসরকারি খাতের অংশগ্রহণ প্রকল্প বাস্তবায়নে বিশেষ গুরুত্ব দিচ্ছে। প্রকল্পে সহায়ক হবে বলেও তিনি উল্লেখ করেন। বৈঠকে প্রস্তাবিত প্রকল্পগুলোর বাণিজ্যিক সম্ভাব্যতা, বিনিয়োগবান্ধব নীতিমালা ও বিনিয়োগের নিরাপত্তা নিয়ে আলোচনা হয়। এক্ষে সাতের বিনিয়োগ প্রক্রিয়া এগিয়ে নিতে উভয় পক্ষের কাঠিরপরি পায়ে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সম্মতি হয়। বৈঠকের শেষে সেতু বিভাগ ও বাৎসাদেশ সেতু কর্তৃপক্ষ জানায়, পিপিপি মডেলে সম্ভাব্য নতুন প্রকল্পগুলোর বিষয়ে ভবিষ্যতে কাঠিরপরি, আইনগত ও অর্থনৈতিক বিশেষজ্ঞদের মধ্যে আরও বিস্তারিত আলোচনা অগ্ণিত হতে পারে এবং বিনিয়োগ প্রস্তাব পর্যালোচনায় প্রয়োজনীয় সহায়তা দেওয়া হবে।

তারেক রহমানকে দুই দফায়

আগে ফেব্রুয়ারিতে আমরা বাংলাদেশের প্রধানমন্ত্রীকে ভারত সফরের আমন্ত্রণ জানিয়েছিলাম। এরপর ব্রিকস সম্মেলনে অংশ নেওয়ার জন্যও বাংলাদেশের প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছি।’ তিনি বলেন, ‘এই দুই আমন্ত্রণের বিষয়ে যখন আমরা কাছে কোনো তথ্য থাকবে, তখন আমি আপনাদের জানাব।’ উল্লেখ্য, দায়িত্ব গ্রহণের প্রায় দেড় মাস পর প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে প্রথমবারের মতো বৈঠক করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। সোমবার (১০ আগস্ট) সচিবালয়ে প্রধানমন্ত্রীর দপ্তরে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ইনকিলাব মঞ্চের আহ্বায়ক ওসমান হাদির হত্যাকাণ্ডে হুম্রায়দের প্রতাপর্শের বিষয়টি উঠে এসেছে। বৈঠকের পর এক ক্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান বলেন, ‘দণ্ডপ্রাপ্ত শেখ হাসিনাকে বাংলাদেশে প্রতাপর্পণ করার বিষয়টি উঠে এসেছে। আমরা তাদের বসেছি, প্রতাপর্পণ প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য। আমরা আশা করি, ভারত ও ব্যাপারেও ইতোমধ্যে হাদির হত্যাকাণ্ডে এগিয়ে।’ এ প্রসঙ্গে এক সাংবাদিক জানতে চান, বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর দেসটির পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, ভারত-বাংলাদেশ সম্পর্ক আরও গভীর করার বিষয়টি একটি অনুকূল পরিবেশ তৈরির ওপর নির্ভর করবে। এ বিষয়ে ভার

